

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক “সিকিউরিটিজ কমিশন ভবন”  
এর শুভ উদ্বোধন



৮ জানুয়ারি ২০১৭ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকায় নবনির্মিত “সিকিউরিটিজ কমিশন ভবন” এর শুভ উদ্বোধন করছেন



ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকায় অবস্থিত “সিকিউরিটিজ কমিশন ভবন” মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী, মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী, কমিশনের চেয়ারম্যান ও কমিশনারবৃন্দ এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ ভবন উদ্বোধন শেষে কমিশনের কল্যাণ কামনা করে মোনাজাত করেন

০৮ জানুয়ারি ২০১৭ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) -এর নবনির্মিত ১০ তলা “সিকিউরিটিজ কমিশন ভবন” এর শুভ উদ্বোধন করেন এবং নবনির্মিত ভবনের অংশ বিশেষ পরিদর্শন করেন। এ সময় মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এম পি, মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব এম. এ. মান্নান, এম পি, কমিশনের চেয়ারম্যান, কমিশনারবৃন্দ এবং উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৪ নভেম্বর ২০১৩ তারিখে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি’র প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উক্ত ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন করেছিলেন। ভবনটি ১০টি ফ্লোর ও একটি বেজমেন্ট বিশিষ্ট। মোট ৮৯,২৫০ বর্গফুটের এই ভবনে একটি আন্তর্জাতিক সম্মেলন করার সুবিধা সম্পন্ন মাল্টিপারপাস কনফারেন্স রুম ও অন্যান্য সুবিধা রয়েছে।